# যোষেফ



© 2021 Comic Bible Society, LLC







দ্বিতীয় বিবরণ ৩৪:৮-১২


এরপর সদাপ্রভু যিহোশূয়কে কি করতে হবে তা বললেন...
আমার দাস মোশীর মৃত্যু হয়েছে।
সেইজন্য এখন তুমি ও এই সব ইস্রায়েলীয়রা ঐ যর্দন নদী পার হয়ে যাবার জন্য প্রস্তুত হও এবং যে দেশ আমি ইস্রায়েলীয়দের দিতে যাচ্ছি সেখানে যাও।
তোমরা যে সব জায়গায় পা ফেলবে তা সবই আমি তোমাদের দেব। মোশির কাছে সেই প্রতিজ্ঞাই আমি করেছিলাম।


তুমি যতদিন বেঁচে থাকবে কেউ তোমার বিরুদ্ধে দাঁড়াতে পারবে না।
আমি যেমন মোশির সংগে ছিলাম তেমনি তোমার সংগেও থাকব।
তুমি শক্তিশালী হও ও সাহসে বুক বাঁধ। আমার দাস মোশী তোমাকে যে আইন-কানুন দিয়ে গেছে সেই সব আইন-কানুন পালন করবার দিকে মন দেবে, তা থেকে একটুও এদিক ওদিক সরবে না।
তাতে তুমি সব কিছুতে সফল হবে এবং তোমার মঙ্গল হবে।

যিহোশূয় ১:১-৯


যিহোশূয়ের নির্দেশে নেতারা লোকদের যাওয়ার জন্য প্রস্তুত করতে শুরু করলেন-সদাপ্রভু তাদের যর্দন নদী পার হয়ে প্রতিজ্ঞাত দেশে যাওয়ার জন্য প্রস্তুত করছিলেন।
ইস্রায়েলীয়দের ১২টি জাতিগোষ্ঠির মধ্যে ২টি এবং অন্য আর একটির অর্ধেক লোক সিদ্ধান্ত নিল যে তারা যর্দনের পূর্ব দিকে বরাদ্দ করা জায়গাতেই থাকবেন।
কিন্তু যিহোশূয় তাদেরকে স্মরণ করিয়ে দিলেন যে সদাপ্রভু তাঁর দাস মোশির মধ্যে দিতে তাদের কি বলেছিলেন।
সদাপ্রভু যতদিন তোমাদের মত করে তোমাদের ভাইদেরও সব কিছু থেকে বিশ্রাম না দেন এবং যতদিন তারা তোমাদের ঈশ্বর সদাপ্রভুর দেওয়া দেশটা দখল করে না নেয় ততদিন তোমরা ভাইদের সাহায্য করতে থাকবে।
আপনি আমাদের যে সব আদেশ দিয়েছেন তা আমরা পালন করব আর আমাদের যেখানে পাঠাবেন সেখানেই যাব।
আপনি আমাদের যে সব আদেশ দিয়েছেন তা আমরা পালন করব আর আমাদের যেখানে পাঠাবেন সেখানেই যাব।
আপনার ঈশ্বর সদাপ্রভু যেমন মোশির সংগে ছিলেন তেমনি যেন আপনার সংগেও থাকেন।

যিহোশূয় ১:১০-১৮


ঐ দেশটা দেখে আসার জন্য তোমরা দুইজন গুপ্তচর হিসাবে যাবে-বিশেষ করে যিরীহো শহরটাকে দেখে আসবে।
আমার জানা দরকার যে ঐ শহরের প্রধান স্থানগুলো কি কি-তাদের সুরক্ষা ব্যবস্থা কেমন-কোন জায়গা থেকে সৈন্যরা খাবার জল সংগ্রহ করে।
যখন তারা যিরীহো শহরটি দেখছিল তখন তারা এমন একটি বাড়ী খুঁজছিল যেটি দেয়ালের সাথে ঘেষানো যেন তারা সেখান দিয়ে পালাতে পারেন।
যিরীহো শহরের মধ্যে তারা এমন একটি স্থানকে বিবেচনা করল যেখানে কেউ তাদেরকে সন্দেহ করবে না-একজন বেশ্যার বাড়ী।
কিন্তু সেই মহিলা, রাহব, তিনি জানতেন যে তারা হিব্রু জাতির লোক।
সদাপ্রভু ইস্রায়েল জাতীর কাছে যা প্রতিজ্ঞা করেছেন ও যে আশ্চর্য কাজ করেছেন সেই সম্পর্কে এই মহিলা ও শহরের অন্যান্য বাসিন্দারা জানতেন।
আমার পিছন পিছন আসুন।
ছাদের উপর এই মসীনার ডাঁটার নিচে লুকিয়ে থাকেন।
আপনারা এখানে সুরক্ষিত থাকবেন-যতক্ষণ না কেউ আপনাদেরকে এখানে আসতে দেখছে।



যিহোশূয় ২:১-৬


কিন্তু এটা খুবই দেরি হয়ে গিয়েছিল...
রাহব বেশ্যার বাড়িতে যাও। আমি শুনেছি ইস্রায়েলীয়রা আমাদের শহরে ঢুকেছে আর আমার দেশের খোঁজ খবর নিয়ে যাচ্ছে।
আমার কাছে তাদেরকে নিয়ে আস যেন আমরা তাদের সাথে কথা বলতে পারি-আর তারপর মেরে ফেলতে পারি।
ঠক ঠক ঠক ঠক
আজকে সন্ধ্যায় যে লোকেরা তোমার বাড়ীতে এসেছে তারা কোথায় আমাদেরকে দেখাও!
হ্যাঁ, এখানে কয়েকজন লোক এসেছিল বটে কিন্তু আমি জানিনা তারা কোথা থেকে এসেছিল।
সন্ধ্যাবেলা শহরের ফটক বন্ধ করবার একটু আগেই তারা চলে গেছে। আপনারা এখনই তাদের পিছনে গেলে হয়তো তাদের ধরতে পারবেন।
মিসর দেশ থেকে আপনাদের বের হয়ে আসবার পর সদাপ্রভু কেমন করে লোহিত সাগরের জল আপনাদের সামনে থেকে শুকিয়ে ফেলেছিলেন তা আমরা শুনেছি - সীহোন আর ওগ নামে যর্দনের পূর্ব পারের দুজন ইমোরীয় রাজাকে ধ্বংস করে দিয়ে আপনারা তাদের কি দশা করেছিলেন তাও আমরা শুনেছি।
এই সব শুনে আমাদের অন্তরের সব আশা-ভরসা ফুরিয়ে গেছে এবং আপনাদের ভয়ে সবাই সাহস হারিয়ে ফেলেছে। আপনাদের ঈশ্বর সদাপ্রভুই স্বর্গের ও পৃথিবীর ঈশ্বর।

যিহোশূয় ২:২-১১



আমাকে একটি চিহ্ন দিন যা থেকে আমি বুঝতে পারি যে, আপনারা আমার মা-বাবা, ভাই-বোন এবং তাদের সব লোকদের প্রাণ বাঁচাবেন এবং মৃত্যুর হাত থেকে আমাদের রক্ষা করবেন।
আপনাদের জীবনের পরিবর্তে আমাদের জীবন বাঁচাবেন।
তুমি যদি আমাদের এই সব কথা প্রকাশ না কর তবে সদাপ্রভু যখন এই দেশটা আমাদের দেবেন তখন আমরা তোমাদের সংগে ভাল ব্যবহার করব এবং তোমাদের প্রতি বিশ্বস্ত থাকব।
আপনাদের যারা ধরতে গেছে তারা যাতে আপনাদের খুঁজে না পায় সেই জন্য আপনারা পাহাড়ে চলে যান।
যখন আমরা দেশটা দখল নিতে আসবো তখন যদি এই লাল কাপড়টা তোমার ঘরের দরজায় না বেধে রাখ তাহলে তুমি আমাদের দিয়ে যে শপথ করিয়ে নিয়েছ তা থেকে আমরা মুক্ত হব।
তখন যদি কেউ তোমার বাড়ী থেকে বেরিয়ে রাস্তায় যায় তবে সে নিজেই তার মৃত্যুর জন্য দায়ী থাকবে।
ঠিক আছে।


যিহোশূয় ২:১২-২৩


এই গুপ্তচরেরা তাদের নেতার কাছে ফিরে আসল এবং যা যা ঘটেছিল তা সব বলল।
এই কথা ঠিক যে, সদাপ্রভু গোটা দেশটাই আমাদের হাতে তুলে দিয়েছেন। আমাদের ভয়ে সেখানকার সমস্ত লোক একেবারে দিশেহারা হয়ে পড়েছে।
পরের দিন খুব ভোরে যিহোশূয় ঘুম থেকে উঠে সমস্ত ইস্রায়েলীয়দের সংগে শিটীম থেকে রওনা হয়ে যর্দন নদীর কাছে গেলেন-নদীটা পার না হওয়া পর্যন্ত তারা সেখানে রইল।
যখন তোমরা তোমাদের ঈশ্বর সদাপ্রভুর সাক্ষ্য-সিন্দুকটি লেবীয় পুরোহিতদের বয়ে নিয়ে যেতে দেখবে তখন তোমরা তোমাদের জায়গা ছেড়ে তার পিছনে পিছনে চলতে থাকবে।
তাতে তোমরা বুঝতে পারবে তোমাদের কোন্ পথে যেতে হবে কারণ তোমরা এর আগে কখনও এই পথে যাও নি।
কিন্তু তোমরা সাক্ষ্য-সিন্দুকের কাছ থেকে প্রায় দু'হাজার হাত দূরে থাকবে-তার কাছে যাবে না।

যিহোশূয় ২:২৩ - ৩:৪


তোমরা নিজেদের শুচি করে নাও, কারণ কালকে সদাপ্রভু তোমাদের মধ্যে অনেক আশ্চর্য কাজ করবেন।
... যিহোশূয় জানতেন যে সদাপ্রভুর সামনে যোগ্য হয়ে ওঠার জন্য তাদেরকে প্রথমে হৃদয় পরিস্কার করতে হবে এবং তাঁর কাছে নত হতে হবে।
পরের দিন সকালে...
আপনারা সাক্ষ্য-সিন্দুকটি তুলে নিয়ে লোকদের আগে আগে নদী পার হয়ে যান।
কাজেই তারা সাক্ষ্য-সিন্দুকটি তুলে নিয়ে লোকদের আগে আগে যেতে লাগলেন।
আর সদাপ্রভু যিহোশূয়ের সাথে কথা বললেন...
আজ থেকে সমস্ত ইস্রায়েলীয়দের চোখে আমি তোমার সম্মান বৃদ্ধি করতে আরম্ভ করব, যাতে তারা বুঝতে পারে যে আমি যেমন মোশির সাথে ছিলাম তেমনি তোমার সংগেও আছি।
তুমি সাক্ষ্য-সিন্দুক বহনকারী পুরোহিতদের বলে দাও যেন তারা যর্দন নদীর কিনানায় পৌছে এগিয়ে গিয়ে জলের মধ্যে দাঁড়ায়।



যিহোশূয় ৩:৫-৭


তোমরা এখানে এস এবং তোমাদের ঈশ্বর সদাপ্রভু যা বলছেন তা শোন।
জীবন্ত ঈশ্বর যে তোমাদের মধ্যে আছেন আর তিনিই যে কনানীয়দের নিশ্চয়ই তোমাদের সামনে থেকে তাড়িয়ে দেবেন তা তোমরা এইভাবে বুঝতে পারবে।
যিনি সমস্ত জগতের প্রভু তাঁর সাক্ষ্য-সিন্দুকটি তোমাদের আগে আগে যর্দন নদীর মধ্যে যাবে।
তোমরা ইস্রায়েলীয়দের বারোটি গোষ্ঠীর প্রত্যেকটি থেকে একজন করে মোট বারোজন লোক বেছে নাও।
তোমরা দেখবে সমস্ত জগতের প্রভু সদাপ্রভু সাক্ষ্য-সিন্দুক বহনকারী পুরোহিতরা যেই যর্দনের জলে পা দেবে অমনি তার ভাটির দিয়ে বয়ে যাওয়া জলের স্রোত থেকে যাবে আর তার জল উঁচু হয়ে দাড়িয়ে যাবে। তারপর লোকদের বলা হবে যে তারা কি করবে।
এরপর ইস্রায়েল জাতীর লোকেরা সেই প্রতিজ্ঞাত দেশের দিকে এগিয়ে চলল যা সদাপ্রভু তাদের পূর্বপুরুষ অব্রাহমের কাছে প্রতিজ্ঞা করেছিলেন।

যিহোশূয় ৩:৯-১৪


সদাপ্রভু যিহোশূয়ের কাছে যা বলেছিলেন তা সত্য প্রমানিত হল-যখনই ইস্রায়েলজাতীর লোকেরা সামনের দিকে এগিয়ে গেল-নদীর জল সরে গেল।

যিহোশূয় ৩:১৫


পুরোহিতরা শুকনা জায়গায় দাড়িয়ে থাকায় গোটা ইস্রায়েল জাতীর লোকেরা যর্দন নদী পার হয়ে গেল।
এরপর সদাপ্রভু যিহোশূয়কে নির্দেশ দিলেন যেন বারো গোষ্ঠির বারোজন যর্দন নদী থেকে পাথর নেয় যা তাদের মধ্যে একটি চিহ্ন হয়ে থাকবে।
ভবিষ্যতে তোমাদের ছেলেমেয়েরা জিজ্ঞাসা করবে, “ঐ পাথর গুলোর মানে কি?” তখন তোমরা বলবে যে সদাপ্রভুর সাক্ষ্য-সিন্দুকটি যখন যর্দন নদী পার কের নিয়ে যাওয়া হচ্ছিল তখন তার জলের স্রোত বন্ধ হয়ে গিয়েছিল।
এই পাথরগুলো ইস্রায়েলীয়দের কাছে এমন একটা চিহ্ন হয়ে থাকবে যা চিরদিন তাদের ঐ কথা মনে করিয়ে দেবে।
সেই দিন সদাপ্রভু সমস্ত ইস্রায়েলীয়দের চোখে যিহোশূয়কে সম্মানিত করলেন। তার ফলে লোকেরা মোশির মত করে যিহোশূয়কেও সারা জীবন ধরে ভক্তি করেছিল।

যিহোশূয় ৪:১-১৪


সমস্ত ইস্রায়েলীয়রা নদী পার হওয়ার পর পুরোহিতেরা নদী থেকে সাক্ষ-সিন্দুক নিয়ে উঠে আসলেন।
পুরোহিতরা শুকনা মাটিতে পা দেওয়ার সংগে সংগে নদীর স্রোত আবার বইতে লাগল এবং আগের মতই তার দুপার জলে ভেসে গেল।
যিহোবা সদাপ্রভু আমাদের রক্ষা করেছেন!
যিহোশূয় সেই বারোজন নেতাকে যে কথা বলেছিলেন সেই একই কথা সমস্ত ইস্রায়েল জাতিকে বললেন।
ভবিষ্যতে তোমাদের বংশধরেরা যখন এই পাথরগুলোর মানে তাদের বাবাদের জিজ্ঞাসা করবে
তখন তোমরা তাদের বলবে, "ইস্রায়েলীয়রা শুকনা মাটির উপর দিয়ে হেঁটে এই যর্দন নদী পার হয়ে গিয়েছিল।"
এই আশ্চর্য কাজের কথা চারিপাশের সমস্ত রাজ্যের লোকদের কাছে পৌছে গেল।
আমার গুপ্তচরেরা তাদের নিজেদের চোখে দেখেছে-যখনই তারা নদী থেকে উঠে আসল আর সমস্ত নদীর দু'পার আবার জলে ভরে গেল।
ইব্রীয়দের ঈশ্বরের খুব শক্তিশালী জাদুকরী শক্তি আছে-এমনটি আর আগে কখনও শুনি নি বা দেখি নি।



যিহোশূয় ৪:১৫- ৫:১


ইস্রায়েলীয়দের প্রতিজ্ঞাত দেশে যাওয়ার জন্য প্রস্তুত হওয়ার আগে সদাপ্রভু তাদের আর একটি কাজ করতে বললেন...
চমকি পাথরের ছুরি তৈরী কর-আর যারা মরুভূমিতে জন্মগ্রহন করেছে তাদের এখনও সুন্নত করানো হয় নি।
আমাদের অবশ্যই সদাপ্রভুর আদেশের বাধ্য হতে হবে।
এরপর ইস্রায়েলের লোকেরা প্রথম বারের মত নতুন দেশে তাদের উদ্ধার পর্বে অনুষ্ঠান পালন করলেন...
এরপর ইস্রায়েলের লোকেরা প্রথম বারের মত নতুন দেশে তাদের উদ্ধার পর্বে অনুষ্ঠান পালন করলেন...
যখন যিহোশূয় ও সৈন্যরা যিরীহোর দিকে এগিয়ে চলল তখন সদাপ্রভু যিহোশূয়কে আরেকটি সংবাদ দিলেন...
আপনি কি আমাদের পক্ষের নাকি শত্রু পক্ষের লোক?
আমার প্রভু তাঁর দাসদেরকে কি কিছু বলতে চান?
তোমার পায়ের জুতা খুলে ফেল, কারণ তুমি যেখানে দাঁড়িয়ে আছ সেই জায়গাটা পবিত্র।


সেই সময় ইস্রায়েলীয়দের জন্য যিরীহো শহরের ফটকগুলো শক্ত করে বন্ধ করে দেওয়া হয়েছিল।
শহরের মধ্যে প্রবেশ করা কষ্টসাধ্য ছিল-এর দুইটি দেয়াল ছিল। বাইরের দেয়ালটি ছয় ফিট পুরু ছিল আর ভিতরের দেয়ালটি বারো ফুট পুরু ছিল।
সেই সাথে শহরটি ছিল একটি পাহাড়ের উপর-তাই আক্রমনকারীদের আক্রমন করতে খুবই অসুবিধা হত।
কিন্তু সদাপ্রভু তাঁর লোকদের শহরের চারিপাশে হাঁটার নির্দেশ দিলেন।
দেখ, আমি তোমাদের হাতে যিরীহো শহরটি দিলাম।
সমস্ত সৈন্যদের নিয়ে শহরের চারিপাশে ঘুরতে থাক।

যিহোশূয় ৬:১-৪


ছয় দিন ধরে তোমরা তাই করবে।
সদাপ্রভু তাদের পরিস্কার নির্দেশনা দিলেন...
সাতজন পুরহিতকে বল যেন তারা সাক্ষ্য-সিন্দুকের সামনে থেকে সদাপ্রভুর জন্য শিংগা বাজান।
যিহোশূয় তাদেরকে আর একটি অতিরিক্ত আদেশ দিলেন।
তোমরা চিৎকার করবে না-
-জোরো কথা বলবে না
--যতদিন না আমি চিৎকার করতে বলি মুখ দিয়ে কোন কথাই বের করবে না।
সপ্তম দিনে, শহরে চারিপাশে সাতবার ঘুরবে আর পুরহিতেরা তাদের শিংগা বাজাবে।


সপ্তম দিনে ইস্রায়েলীয়রা খুব ভোর হতেই উঠে পড়ল আর
ঐ একই ভাবে সাতবার শহরের চারদিকটা ঘুরল।
সাতবার ঘোরা শেষ হওয়া মাত্রই যিহোশূয় নির্দেশ দিলেন...


চিৎকার কর!
কারণ সদাপ্রভু শহরটা তোমাদের দিয়েছেন!
শহর ও তার মধ্যকার সব কিছু সদাপ্রভুর উদ্দেশ্যে আলাদা কর।
প্রত্নতাত্ত্বিক নোট-যখন গ্যারস্টং যিরীহো শহর খনন করছিলেন
তারা দেখেছিলেন যে শহরের দেয়াল বাইরের
দিকে পড়ে ছিল-ভিতরের দিকে নয় এবং এমন মনে হচ্ছিল যে ভিতর
থেকে সৈন্যবাহিনী আক্রমনের উদ্দেশ্যে ভিতর থেকে ধাক্কা দিচ্ছিল।
আক্ষরিক ভাবে- সদাপ্রভু দেয়ালটি ফেলে দিয়েছিলেন।

যিহোশূয় ৬:১৫-১৬




যিহোশূয় ৬:১৭-২৫, ইব্রীয় ১১:৩১, যাকোব ২:২৪-২৬


যিরীহো শহরের পাশের শহরটি ছিল একটি ছোট শহর যার নাম অয় শহর।
যিহোশূয় সেখানে ৩০০০ লোক পাঠালেন...কিন্তু ফলাফলটা প্রত্যাশার তুলনায় ভিন্ন ছিল।
অয় শহরের লোকেরা ইস্রায়েলীয়দের পিছনে তাড়া করল এবং তাদের মধ্যে ছত্রিশজনকে মেরে ফেলল।
ইস্রায়েলীয় লোকেরা খুবই দুঃখার্ত হলেন আর যিহোশূয় সদাপ্রভুর সিন্দুকের সামনে সন্ধ্যা পর্যন্ত মাটির উপর উবুড় হয়ে পড়ে রইলেন।
নেতারাও একই ভাবে দুঃখ করলেন।
উঠে দাড়াও! কেন তুমি উবুড় হয়ে পড়ে আছ?
ইস্রায়েলীয়রা পাপ করেছে; আমি তাদের আমার যে ব্যবস্থা পালন করতে বলেছিলাম তা তারা পালন করে নি।
যে সব জিনিস ধ্বংসের অভিশাপের অধীন তার কতগুলো তারা নিয়েছে... যতক্ষণ পর্যন্ত না তোমরা সেগুলো ধ্বংস করে না ফেল ততক্ষণ আমি তোমাদের সংগে থাকব না।
যতক্ষণ না তারা সেগুলো ধ্বংস করছে ততক্ষণ তারা শত্রুদের সামনে দাড়াতে পারবে না।

যিহোশূয় ৭:১-১৩


পরের দিন খুব ভোরে যিহোশূয় সদাপ্রভুর নির্দেশ অনুসারে কাজ করলেন এবং গোষ্ঠী অনুসারে ইস্রায়েলীয়দের সদাপ্রভুর সামনে আনলেন।
এরপর বংশ অনুসারে আসল...তারপর পরিবার অনুসারে আসল... তারপর লোক অনুসারে আসল... যতক্ষণ পর্যন্ত না আখন নামের সেই লোকটি ধরা পড়ল।
আমার সন্তান, সত্যি কথা বলে ইস্রায়েলীয়দের ঈশ্বর সদাপ্রভুর গৌরব কর, তাঁর প্রশংসা কর।
তুমি যা করেছ তা আমাকে বল, গোপন কোরো না।
একথা সত্যি! আমি ইস্রায়েলীয়দের ঈশ্বর সদাপ্রভুর বিরুদ্ধে পাপ করেছি...
যখন আমি লুটের মালের মধ্যে শিনিয়র দেশের সুন্দর একটা কাপড়, প্রায় আড়াই কেজি রূপা ও ছয়শো গ্রাম ওজনের একটা সোনার খণ্ড দেখে লোভ সামলাতে না পেরে তা নিয়েছি।
একজন লোক দৌড়ে তাবুর মধ্যে গেল আর জিনিসগুলো নিয়ে এসে যিহোশূয়ের সামনে রাখলেন।
পরে যিহোশূয় ও সমস্ত ইস্রায়েলীয়রা সেরহের বংশধর আখন ও তার পরিবারের সবাই ও সেই জিনিসগুলো নিয়ে আখোর উপত্যকায় গেল। ("সমস্যা")
এরপর সমস্ত ইস্রায়েলীয়রা প্রথমে আখনকে ও পরে তার পরিবারের সবাইকে পাথর ছুঁড়ে মেরে ফেলল। তারপর সবকিছু সুদ্ধ তাদের পুড়িয়ে ফেলল।
আখনের দেহের উপর তারা অনেক পাথর জড়ো করে একটা স্তূপ করে রাখল আর সেই উপত্যকাকে ছাউনীর বাকীদের জন্য তৈরী করে রাখল যারা অবাধ্য হবে তাদের মারার জন্য।

যিহোশূয় ৭:১৪-২৬


এবার সদাপ্রভু যিহোশূয়কে একটি ভিন্ন রকমের যুদ্ধ পরিকল্পনা দিলেন।
শহরের পিছন দিকে একজন সৈন্য লুকিয়ে রইলো-যখন বাকিরা শহরের সামনের উপত্যকায় ছাউনি বসালো।
সেই রাতে যিহোশূয় তার বাঁছাই করা সেরা ৩০০০০ লোকদেরকে নিয়ে যুদ্ধের উদ্দেশ্যে বেরিয়ে পড়ল।
পরেরদিন সকালে অয় শহরের রাজা তার সমস্ত সৈন্যবাহিনীকে ইস্রায়েলীয়দের সাথে যুদ্ধ করতে পাঠিয়ে দিলেন-শহরের মধ্যে কোন সৈন্য রইল না।
আগের বারের মতই-তাদের মেরে ফেল। এই বিশ্বাসঘাতক ইব্রীয় দাসদের এমন শিক্ষা দাও যেন তারা আবার পালিয়ে মিশরে ফিরে যায়-আর কোনদিন ফিরে না আসে!
ইস্রায়েলীয়রা পালাতে শুরু করল-যেভাবে তারা আগেরবার অয় শহরের সৈন্যদের ভয়ে পালিয়েছিল।
দেখ-তারা পালাচ্ছে-আগের বারের মতই তারা পালাচ্ছে।
তাড়াতাড়ি কর-তাদের পিছু নাও-আর প্রত্যেককে তলোয়ারের আঘাতে মেরে ফেল!
কিন্তু যখনই অয় শহরের সৈন্যরা ইস্রায়েলীয়দের পিছনে তাড়া করতে লাগল তখন লুকিয়ে থাকা ইস্রায়েলীয় সৈন্যরা শহরের মধ্যে প্রবেশ করে তা পুড়িয়ে দিল।

যিহোশূয় ৮:১-১৯


ইব্রীয় সৈন্যরা ঘুরে দাড়ালো আর সেইদিন ইস্রায়েলীয়দের কাছে অয় শহরের সৈন্যরা সম্পূর্ণ রূপে পরাজিত হল।
আমরা ফাঁদের মধ্যে পড়েছি...
ঘুরে দাঁড়াও-আর আক্রমণ কর!
ইস্রায়েলীয়রা অয় শহরের সবাইকে মেরে ফেলল- কিন্তু সদাপ্রভুর নির্দেশ মত শহরের পশুপাল ও লুট করা জিনিস নিজেদের জন্য নিয়ে নিল।
অয় শহরটি পুড়িয়ে দিয়ে সেটাকে চিরকালের জন্য একটা ধ্বংসস্তুপ করে রাখলো, আর অয় শহরের রাজাকে মেরে সন্ধ্যা পর্যন্ত তার দেহটা শহরের সামনে গাছের সাথে টাংগিয়ে রাখল।
তারপর যিহোশূয় লোকদের থামতে বললেন এবং ঈশ্বরের আরাধনা করতে পরিচালনা দিলেন।
এরপর ইস্রায়েলীয়দের কাছে দেওয়া সদাপ্রভুর দাস মোশির আদেশ অনুসারে যিহোশূয় এবল পাহাড়ের উপরে ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশ্যে একটা বেদী তৈরী করলেন-মোশির আইন-কানুনের বইয়ে যেমন লেখা আছে সেই অনুসারেই তিনি তা করলেন যা তৈরী করতে কোন পাথর কেটে নেয়া হয়নি।
এটা এই বিষয় স্মরণ করিয়ে দেয় যে উৎসর্গ হবে খুবই সাধারণ-যেখানে মানুষের করা কোন কাজই বিশেষ স্থান পাবে না।
তারপর যিহোশূয় আইন-কানুনের বইয়ে যে সমস্ত আশীর্বাদ ও অভিশাপের কথা লেখা ছিল তা হুবহু পড়লেন...মোশির এই ব্যাপারে যে সব আদেশ দিয়েছিলেন তার একটি শব্দও বাদ না দিয়ে যিহোশূয় গোটা ইস্রায়েল সমাজকে তা পড়ে শোনালেন।



যিহোশূয় ৮:১৮-৩৫



ইস্রায়েলীয়দের বিজয়ের কথা শুনে অন্যান্য রাজারা তাদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য একজোট হলেন।
তাদের মধ্যে একটা দলের ভিন্ন পরিকল্পনা ছিল...
তোমরা কারা আর কোথা থেকে এসেছ?
আমরা অনেক দূর দেশ থেকে এসেছি কারণ আমরা আপনার ঈশ্বর সদাপ্রভুর সুনামের কথা শুনেছি।
তাদের ঝুড়িগুলো আর অন্যান্য বিষয়গুলো পরিক্ষা করে দেখ।
খুব সম্ভবত আপনারা কাছেই থাকেন-কিভাবে আমরা আপনাদের সাথে সন্ধি করব?
ইস্রায়েলীয়রা সেই লোকদের খাবারের ঝুড়ি পরীক্ষা করে দেখল-কিন্তু তারা একটি বড় ভুল করল-তারা সদাপ্রভুর মতামত জিজ্ঞাসা করল না।
তিনদিন পর তারা পাশের একটা শহরকে আক্রমনের উদ্দেশ্যে প্রস্তুতি নিল- আর তারা দেখল যে এরা হল সেই জাতিরই লোক যাদের সাথে তারা সন্ধি স্থাপন করেছিল।
যিহোশূয় জানতেন যে তারা ঈশ্বর সদাপ্রভুর নামে যে শপথ করেছে তা ভাঙতে পারবে না...
... আর তাই ইস্রায়েলীয়রা গিবিয়োনীয়দের প্রাণে মারল না এবং তার পরিবর্তে তাদেরকে সদাপ্রভুর ঘরের জন্য কাঠ কাটা ও জল আনবার কাছে নিয়োজিত করল।


যিহোশূয় ৯:১-২৭


কিন্তু ইস্রায়েলীয়দের সাথে গিবিয়োনীয়দের বন্ধুত্ব আশেপাশের রাজাদের জন্য ভয়ের হয়ে দাড়াল।
আমাদের সঙ্গে এস আর গিবিয়োনীয়দের আক্রমন করতে সাহায্য কর কারণ তারা যিহোশূয় ও ইস্রায়েলীয়দের সাথে শান্তি চুক্তি করেছে।
আর তাই, সেই পাঁচজন রাজা তাদের সৈন্যদল এক জায়গায় জড়ো করলেন এবং গিবিয়োনীয়দের বিরুদ্ধে তাদের সৈন্যদল নিয়ে এগিয়ে গেলেন।
যিহোশূয়ের কাছে খবর পাঠাও-সে তাড়াতাড়ি এসে আমাদেরকে রক্ষা করুক।
ইমোরীয়দের সমস্ত রাজারা আমাদের বিরুদ্ধে তাদের সৈন্যদল এক সঙ্গে জড়ো করেছে।
তাড়াতাড়ি করে আপনার যুদ্ধের সৈন্যদল নিয়ে আমাদের সাহায্য করার জন্য আসুন। গিবিয়োনীয়দের আপনার সাহায্য দরকার।
তোমরা তাদেরকে ভয় কর না।
আমি তাদেরকে তোমাদের হাতে তুলে দিয়েছি।
তাদের মধ্যে কেউই তোমাদের সামনে এসে দাঁড়াতে পারবে না।

যিহোশূয় ১০:২-৮


ইস্রায়েলীয় সৈন্যরা সারা রাত ধরে হাঁটতে লাগল।
ইমোরীয় সৈন্যদের মধ্যে একটি বিশৃঙ্খলা তৈরী হল।
তারা সারা রাত হাঁটতে লাগল!
তাড়াতাড়ি কর-একত্রিত হও আর যুদ্ধের দল পুনরায় ঠিক কর।
কিন্তু ঈশ্বর সদাপ্রভু সেই পাঁচটি ভিন্ন সৈন্যবাহিনীকে এমন দ্বিধা দ্বন্দের মধ্যে ফেললেন যে তারা কাছাকাছি শহরগুলোর দিকে দৌড়াতে শুরু করল...
ইয়া! শিলা পাথর!
একমাত্র ইব্রীয়দের ঈশ্বর সদাপ্রভুই এমন কাজ করতে পারেন।
শিলাপাথরগুলো সাধারন কোন পাথর ছিল না সেগুলো অনেক বড় ছিল।
শিলা পাথরগুলো এমন খারাপ ভাবে ঝড়ের মত পড়ছিল যে ইস্রায়েলীয়দের সঙ্গে যুদ্ধে যত না লোক মরল তার চেয়ে বেশি মরল এই শিলাতে।

যিহোশূয় ১০:৯-১১


যুদ্ধ চলছিল আর তারা ইমোরীয়দের পিছনে ধাওয়া করছিল, যিহোশূয় তখন সমস্ত সৈন্যদলের সামনে দাঁড়িয়ে সদাপ্রভুর কাছে একটি সাহসী প্রার্থনা করলেন।


হে সূর্য, গিবিয়োনের উপর
তুমি স্থির হয়ে দাঁড়াও।
হে চাঁদ, অয়ালোন উপত্যকায়
তুমি গিয়ে দাঁড়াও।
সদাপ্রভু প্রার্থনার উত্তর দিলেন আর সূর্য আকাশের মাঝখানে গিয়ে থেমে রইল
আর অস্ত যেতে প্রায় পুরো একটা দিন দেরি করল।
এর আগে বা পরে এমন দিন আর কখনও আসে নি
যখন সদাপ্রভু এমনিভাবে মানুষের কথা রেখেছেন।






যিহোশূয় ১০:১৫-১২:২৪


তুমি বুড়ো হয়েছো, তোমার বয়স হয়ে গেছে, অথচ দেশের এমন অনেক অংশ রয়ে গেছে যা এখনও দখল করা হয় নি।
আর তাই আশেপাশের যে সমস্ত স্থান এখনও জয় করা হয় নি সেগুলো একটা তালিকা ঈশ্বর তাকে দিলেন।
এরপর যিহোশূয় এবং গোষ্ঠির প্রধান নেতারা জয় করা স্থানগুলো একত্রিত করার চেষ্টা করলেন যাদের মধ্যে ইস্রায়েলীয়দের ৯ গোষ্ঠি আর মনঃশি গোষ্ঠীর অর্ধেক লোক যর্দন নদীর পশ্চিম দিকে রইল।

যিহোশূয় ১৩:১-৭




যিহোশূয় ১৪:১ - ২১:৪৫


দুইটি গোষ্ঠি ও অন্য একটি গোষ্ঠির অর্ধেক তাদের ভাইদের সাহায্য করার মধ্যে দিয়ে তাদের দায়িত্ব পালন করল আর তারপর তারা বাড়ির দিকে রওনা হল।
কিন্তু যর্দন নদীর পারে তারা একটি চোখে পড়বার মত বড় বেদী তৈরী করল।
যুদ্ধের জন্য প্রস্তুত হও-এইবার আমরা আমাদের নিজের ভাইদের বিরুদ্ধেই যুদ্ধ করতে যাচ্ছি।
কেন?
ইতিমধ্যেই তারা তাদের নিজেদের জন্য বেদী তৈরী করে ঈশ্বর সদাপ্রভুর বিরুদ্ধে গিয়েছে আর প্রতিমাপূজার দিকে ফিরে গেছে।
তারা আমাদের উপরে ঈশ্বর সদাপ্রভুর ক্রোধ ও অভিশাপ নিয়ে আসবে।
যাজক পিনহস সেখানে তাদের বিরুদ্ধে কথা বলতে লাগলেন।
আপনারা এটা কি করলেন?
কিভাবে এত তাড়াতাড়ি আপনার সদাপ্রভুর পথ থেকে সরে গেলেন?!
এটা যদি সদাপ্রভুর বিরুদ্ধে কোন কাজ হয়ে থাকে তাহলে তা আমাদের কাছ থেকে দূরে থাকুক!
আমরা এটি করেছি এই ভয়ে যে কোনদিন হয়তো আপনাদের বংশধরেরা আমাদের বংশধরদের বলবে, 'ইস্রায়েলীয়দের ঈশ্বর সদাপ্রভুর সঙ্গে তোমাদের কি সমন্ধ?
আজকে আমরা বুঝতে পারলাম যে সদাপ্রভু আমাদের সঙ্গেই আছেন, কারণ আপনারা এই ব্যাপারে সদাপ্রভুর প্রতি বিশ্বাস ঘাতকতার কাজ করেন নি।
আর তাই পূর্ব অঞ্চলের ২টি ও অর্ধেক জাতিগোষ্ঠি যর্দনের পারে ফিরে গেল যেন তারা শান্তিতে তাদের প্রতিজ্ঞাত দেশে থাকতে পারেন।


যিহোশূয় বারো বংশের সবাইকে ডেকে পাঠালেন যেন শেষ কথা বলতে পারেন।
মিশর দেশ থেকে প্রতিজ্ঞাত দেশে আসবার মধ্যে ঈশ্বর সদাপ্রভু এই জাতির প্রতি যা কিছু করেছেন তা যিহোশূয় পুররায় স্মরণ করলেন।
আর এখন ঈশ্বর সদাপ্রভুকে ভয় কর এবং বিশ্বস্তভাবে তাঁর সেবা কর।
কিন্তু সদাপ্রভুর সেবা করতে যদি তোমাদের পছন্দ না হয় তবে যার সেবা তোমরা করবে তা আজই ঠিক করে নাও...
তবে আমি ও আমার পরিবারের সবাই সদাপ্রভুর সেবা করব।
সদাপ্রভুকে ত্যাগ করে দেব-দেবতার পূজা করা যেন আমাদের কাছ থেকে দূর হোক!
আমরাও সদাপ্রভুর সেবা করব, কারণ তিনিই আমাদের ঈশ্বর।


যিহোশূয় এই সমস্ত বিষয়গুলো আইন-কানুনের একটি বইয়ে লিখে রাখলেন।
এই পাথরটা আমাদের বিরুদ্ধে সাক্ষী হয়ে থাকবে। সদাপ্রভু আমাদের কাছে যে সব কথা বলছেন তা এই পাথরটা শুনেছে।
যদি তোমরা তোমাদের ঈশ্বরকে অস্বীকার কর তবে এটা তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দেবে।


যিহোশূয় ১১০ বছর বয়সে মারা গেলেন-আর লোকেরা যিহোশূয়ের সম্পত্তির মধ্যেই তাকে কবর দিলেন।

যিহোশূয় ২৩-২৪

"THE BIBLE EXPLAINED
IN EVERY LANGUAGE."








**SUPERBIBLE.TV**